তুমি    আছ কোন্ পাড়া ? তোমার   পাই নে যে সাড়া ।
পথের মধ্যে হাঁ ক'রে যে রইলে হে খাড়া ॥
রোদে প্রাণ যায় দুপুর বেলা,  ধরেছে উদরে জ্বালা—
এর কাছে কি হৃদয়জ্বালা ।
তোমার   সকল সৃষ্টিছাড়া ॥
রাঙা অধর, নয়ন কালো   ভরা পেটেই লাগে ভালো—
এখন    পেটের মধ্যে নাড়ীগুলো দিয়েছে তাড়া ॥

---

Parjaay: Natya-geeti, Taal: Dadra, Raag: Kafi-Sindhu

Visit www.geetabitan.com for notation and other detail